

# Atlas Copco গ্রুপের ব্যবসায়িক সহযোগীর নির্ণায়কের বৈশিষ্ট্য

# ভূমিকা

স্টকহোম, সুইডেনে অবস্থিত একটি গ্লোবাল, ইন্ডাস্ট্রিয়াল কোম্পানি হিসাবে, Atlas Copco গ্রুপের 180 টিরও বেশি দেশে 43,000 জনেরও বেশি কর্মচারী এবং গ্রাহক রয়েছে। আমাদের শিল্পবিষয়ক ধারণাগুলো আমাদের গ্রাহকদের সমাজের উন্নতি করতে ও অগ্রগতির পথে চালিত হওয়ার লক্ষ্যে ক্ষমতাপ্রদান করে। এভাবেই আমরা আরও উন্নত ভবিষ্যৎ তৈরি করি। আমরা এর পথিকৃত এবং প্রযুক্তি ক্ষেত্রে ড্রাইভার এবং সারা বিশ্বের ইন্ডাস্ট্রি আমাদের দক্ষতার উপর নির্ভর করে থাকে। আমাদের তৈরী মার্কেটে বহু প্রচলিত কম্প্রেসার, ভ্যাকুয়াম সলিউশন, জেনারেটর, পাম্প, পাওয়ার টুলস এবং অ্যাসেম্বলি সিস্টেম সব জায়গায় পাওয়া যাবে।

আমাদের গ্রাহক, সরবরাহকারী, অন্যান্য ব্যবসায়িক অংশীদার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের প্রথম পছন্দ হয়ে ওঠাই গ্রুপের ভিশন। আমাদের মূল মূল্যবোধ মেনে চলার মাধ্যমে, আমাদের ব্যবসায়িক রীতিনীতি নৈতিকতার মাধ্যমে এবং একই ধরণের মান ও স্ট্যান্ডার্ড শেয়ার করে এমন ব্যবসায়িক সহযোগীদের সাথে কাজ করার মাধ্যমে Atlas Copco গ্রুপ এটি অর্জন করতে চায়।



**Atlas Copco গ্রুপের আচরণ বিধি[1] -এ নিম্নলিখিত ব্যাখ্যা করা আছে:**

- Atlas Copcoতে আমরা আমাদের সমস্ত ব্যবসায়িক কার্যকলাপে নৈতিকতার উচ্চ মানের স্ট্যান্ডার্ডের পক্ষ অবলম্বন করতে অঙ্গীকারবদ্ধ, যার অর্থ হল আমরা আমাদের মতো একই নৈতিকতা ও যোগ্যতা সম্পন্ন ব্যবসায়িক সহযোগীদের চাই। আমরা আমাদের ব্যবসায়িক সহযোগীদের আচরণবিধিতে অনুভূত লঙ্ঘনের রিপোর্ট করার জন্য উৎসাহ দিয়ে থাকি।

- সমস্ত ব্যবসায়িক সহযোগীদের কাছ থেকে Atlas Copco-এর মূল্যবোধ মেনে চলার ও আচরণ বিধি অনুসরণ অনুসরণের প্রত্যাশা করা হয়। গুণমান, ব্যবসায়িক নীতি, পরিবেশ, মানবাধিকার এবং রিসোর্সের দক্ষতা সম্পর্কিত আমাদের উচ্চ মানের স্ট্যান্ডার্ড শেয়ার করে এমন সহযোগী রয়েছে তা নিশ্চিত করতে আমরা আমাদের ব্যবসায়িক সহযোগীদের স্ক্রিন এবং অডিট করে থাকি।

এই ডকুমেন্টে আমাদের ব্যবসায়িক সহযোগীদের গ্রুপের মৌলিক প্রত্যাশার সংক্ষেপে ব্যাখ্যা প্রদান করে, ব্যবসায়িক নৈতিকতা ও সামাজিক, নিরাপত্তা, স্বাস্থ্য সংক্রান্ত এবং পরিবেশগত কর্মক্ষমতা সম্পর্কিত Atlas Copco-এর মান ও নীতির বাস্তবায়নকে এটি সমর্থন করে।

**নীচের নির্ণায়ক বৈশিষ্ট্যসমূহ Atlas Copco গ্রুপের আচরণবিধি যা গ্রুপ দ্বারা সমর্থিত নিম্নলিখিত আন্তর্জাতিক নির্দেশিকাগুলির ভিত্তিতে হয়, সেটির ভিত্তিতে হয়ে থাকে:**




## সাধারণ প্রয়োজনসমূহ

ব্যবসায়িক সহযোগী যেমন সরবরাহকারী, সাবকন্ট্রাক্টর, যৌথ উদ্যোগের সহযোগী, এজেন্ট, রিসেলার এবং পরিবেশকদের অবশ্যই আমাদের আচরণবিধি অনুসারে গ্রুপের প্রতিশ্রুতি এবং প্রত্যাশাগুলি বজায় রাখার ক্ষেত্রে সম্মত হতে হবে। ব্যবসায়িক সহযোগীরা Atlas Copco গ্রুপের পণ্য বা পরিষেবাদি উৎপন্ন করার জন্য সাব-কন্ট্রাক্টরদের ব্যবহার করলে, তাদের সাব-কন্ট্রাক্টরদের মূল্যায়ন এবং নির্বাচন করার জন্য একই নীতি ব্যবহার করা সেই ব্যবসায়িক সহযোগীদের দায়িত্ব। অনুরোধ করা হলে, ব্যবসায়িক সহযোগীকে তারা কোন সাব-কন্ট্রাক্টরকে ব্যবহার করে তা অবশ্যই Atlas Copcoকে জানাতে হবে।

ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই, তাদের সমস্ত ক্রিয়াকলাপে, তারা যে দেশে কাজ করে সেখানে তাদের ক্রিয়াকলাপ এবং কর্মসংস্থানের জন্য প্রযোজ্য জাতীয় আইন ও প্রবিধানসমূহ মেনে চলতে হবে। Atlas Copco-এর প্রয়োজনীয় বিষয় জাতীয় আইনে নির্ধারিত প্রয়োজনীয় বিষয়ের থেকে বহির্ভূত হতে পারে, এই ক্ষেত্রে ব্যবসায়িক অংশীদারকে অবশ্যই অতিরিক্ত Atlas Copco-এর প্রয়োজনীয় বিষয় মেনে চলতে হবে। এই ধরণের ক্ষেত্রে ব্যবসায়িক সহযোগীকে অবশ্যই এই ডকুমেন্ট স্বাক্ষর করার আগে মতবিরোধের বিষয়ে Atlas Copcoকে জানাতে হবে।

আমাদের ব্যবসায়িক সহযোগীরা আমাদের আচরণবিধির থেকে কোনো সন্দেহজনক অসদাচরণ বা লঙ্ঘনের ঘটনা ঘটলে সেই বিষয়ে প্রতিবেদন জানাবে বলে আমরা আশা করি। আমাদের একটি বহিরাগত রিপোর্টিং সিস্টেম SpeakUp আছে, যা যে কোনও স্টেকহোল্ডারের কাছে রয়েছে এবং প্রতিবেদনের বিষয় সম্পূর্ণ বেনামী থাকে। প্রতিবেদন প্রায় যে কোনও ভাষাতেই করা যাবে। আমাদের ওয়েবসাইটে SpeakUp সম্পর্কে আরও জানুন।



[1] *https://www.atlascopcogroup.com/en/sustainability/living-by-the-highest-ethical-standards/code-of-conduct*

# ব্যবসায়িক সহযোগীর নির্ণায়ক বৈশিষ্ট্য

## 1. আধুনিক সময়ের দাসত্ব বা জোরপূর্বক শ্রমের কোনও ব্যাপার নয়

যে কোনও দিক থেকেই হোক না কেন, জোরপূর্বক বা অনিচ্ছাকৃতভাবে শ্রম, আধুনিক সময়ের দাসত্ব, বরদাস্ত করা হয় না। এর মধ্যে কাউকে শাস্তির হুমকি দিয়ে কাজ করতে বাধ্য করার বিষয় রয়েছে। এটি ব্যবসায়িক সহযোগীদেরকে তাদের কর্মসংস্থান থাকাকালীন, পাসপোর্ট, শিক্ষা সম্পর্কিত শংসাপত্রের মতো অর্থ বা মূল ডকুমেন্ট জমা করার প্রয়োজন থেকেও নিষিদ্ধ করে।

## 2. শিশুশ্রম নয়

Atlas Copco-এর কাছে শিশুশ্রমের ব্যবহার নিষিদ্ধ রয়েছে। চাকরির বৈধ বয়সের কম বয়সের কাউকে যাতে নিয়োগ না করা হয় সেক্ষেত্রে ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে হবে। স্থানীয় আইনে একটি বেশি বয়সের সীমা নির্ধারিত থাকলে, এর মানে হল, বাধ্যতামূলক শিক্ষা সম্পূর্ণ করার জন্য বয়সের চেয়ে কম বয়সী বা 15 বছরের কম বয়সী কাউকে (অথবা 14 বছর বয়স যেখানে ILO কনভেনশন নং 138 দ্বারা অনুমোদিত) নিয়োগ করা যাবে না। অনুমোদিত অপ্রাপ্তবয়স্কদের জন্য, ন্যূনতম হিসাবে প্রযোজ্য স্থানীয় আইন মেনে তার বয়সের ক্ষেত্রে উপযুক্ত কাজের শর্ত, কাজের সময় এবং মজুরি প্রদানের জন্য ম্যানেজমেন্ট দায়ী রয়েছে। বিপজ্জনক কাজের ক্ষেত্রে নিম্নতম বয়স 18 বছর।

## 3. দুর্নীতি নয়

ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই চাঁদা তোলাবাজি ও ঘুষ সহ সব ধরণের দুর্নীতির বিরুদ্ধে কাজ করতে হবে। জাল ডকুমেন্ট বা অন্যান্য অবৈধ অনুশীলন বা উল্লিখিত উৎপাদনের ইউনিট বা সরবরাহকারীদের ব্যবহার করা যাবে না। ব্যবসায়িক সহকারীদের লিখিতভাবে এবং অগ্রিম বিজ্ঞপ্তি দিয়ে অনুরোধ করা হলে Atlas Copcoকে একটি অডিট করার অবশ্যই অনুমতি দিতে হবে। ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই ন্যায্য প্রতিযোগিতার প্রতি তাদের প্রতিশ্রুতি নিশ্চিত করতে হবে এবং মূল্য নির্ধারণ, মার্কেট শেয়ারিং বা অন্যান্য অনুরূপ কার্যকলাপ সম্পর্কিত প্রতিযোগীদের সাথে আলোচনা বা চুক্তি না করার ক্ষেত্রে সম্মত হতে হবে।

## 4. মানবাধিকারকে সমর্থন ও সম্মান করা

ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই মানবাধিকার সুরক্ষাকে সমর্থন ও সম্মান করতে হবে। তারা মানবাধিকার লঙ্ঘনের সাথে জড়িত নয় এবং Atlas Copco গ্রুপ দ্বারা সমর্থিত প্রধান আন্তর্জাতিক নৈতিক নির্দেশিকা মেনে চলবে তা তাদের অবশ্যই নিশ্চিত করতে হবে।

## 5. বৈষম্য নির্মূল করা

ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই সমান সুযোগ, ন্যায়সঙ্গতি এবং বৈচিত্র্যকে সমর্থন করতে হবে এবং বয়স, অক্ষমতা, জাতিগত বৈশিষ্ট্য, লিঙ্গ, লিঙ্গ পরিচয়, নাগরিকত্ব, রাজনৈতিক মতামত, ধর্ম এবং যৌন ওরিয়েন্টেশন নির্বিশেষে যে কোনও কর্মসংস্থানের সিদ্ধান্তে সমস্ত কর্মচারীদের সাথে তাদের ক্ষমতা এবং যোগ্যতা অনুযায়ী আচরণ করা হয় তা নিশ্চিত করতে হবে।

## 6. নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কাজের পরিবেশ নিশ্চিত করা

ব্যবসায়িক সহযোগীদের কর্মীদের নিরাপত্তার বিষয়কে সর্বদা অগ্রাধিকার দিতে হবে। শ্রমিকরা আগুন লাগা থেকে প্রতিরোধ সহ নিরাপদ ও স্বাস্থ্যসম্মত পরিবেশে তাদের কার্য সম্পাদন করতে পারে, কর্মক্ষেত্র এবং ফ্যাক্টরির অবস্থা এমন ধরণের হতে হবে। ঝুঁকি কমানোর জন্য, কর্মচারীদের স্বাস্থ্য ও নিরাপত্তা, প্রশিক্ষণ এবং স্পষ্টভাবে পদের বিবরণ সুরক্ষিত রাখার জন্য অবশ্যই উপযুক্ত নীতি থাকতে হবে। কর্মীদের সুবিধাদি অবশ্যই ব্যক্তির মর্যাদা রক্ষা করবে এবং ব্যক্তিগত স্বাস্থ্যবিধির চাহিদা পূরণ করবে। ব্যবসায়িক সহযোগীদের তাদের কর্মীদের তরফ থেকে নিরাপত্তা নিশ্চিত করতে এবং কর্মক্ষেত্রের অবস্থার ফলে দুর্ঘটনা এবং অসুস্থতা প্রতিরোধ করতে, অবশ্যই যথাযথ ব্যবস্থা নিতে হবে। এর মধ্যে রয়েছে প্রাথমিক চিকিৎসা এবং ব্যক্তিগত সুরক্ষা সংক্রান্ত সরঞ্জাম, সেইসাথে সঠিক এবং (যেখানে প্রযোজ্য) প্রত্যয়িত সরঞ্জামের উপলভ্যতা।

আমাদের ব্যবসায়িক সহযোগীরা কাজের সময় এবং মজুরির জন্য আন্তর্জাতিক প্রবিধান, জাতীয় আইন এবং স্থানীয় নির্দেশিকা অনুসরণ করবে তা আমরা আশা করি।

## 7. সমিতির স্বাধীনতা এবং যৌথভাবে দর কষাকষি করার অধিকার

ব্যবসায়িক সহযোগীরা তাদের কর্মীরা কর্মক্ষেত্র এবং ক্ষতিপূরণ সংক্রান্ত সমস্যা সমাধানের জন্য ম্যানেজমেন্টের সাথে খোলামেলাভাবে যোগাযোগ করার বিষয়ে স্বাধীন তা অবশ্যই নিশ্চিত করতে হবে। একত্রিতভাবে দর কষাকষির উদ্দেশ্যে কর্মীদের ট্রেড ইউনিয়নের প্রতিনিধিত্ব করা যাবে কিনা, তা নির্বাচনের অধিকার রয়েছে সেটি আমরা স্বীকার করি। Atlas Copco এই ধরণের অধিকার প্রয়োগকারী যে কোনও কর্মচারীর প্রতি বৈষম্যকে বরদাস্ত করে না।

## 8. পরিবেশগত দায়িত্ব এবং জলবায়ু সম্পর্কিত ব্যবস্থা গ্রহণ

ব্যবসায়িক সহযোগীদের একটি অনুমোদিত পরিবেশগত ম্যানেজমেন্ট সিস্টেম থাকা উচিত বা তাদের পরিবেশগত কর্মক্ষমতা ক্রমাগত উন্নতি সাধনের জন্য প্রতিশ্রুতি প্রদর্শন করা উচিত। উৎপাদন, ডিজিটালাইজেশন, পণ্যের ব্যবহার, পরিবহন এবং বর্জ্য পদার্থ নিষ্পত্তি থেকে পরিবেশগত প্রভাব কমানোর চেষ্টা করা সবকিছুই এর মধ্যে রয়েছে।

জলবায়ুতে হওয়া চ্যালেঞ্জ মোকাবিলার ক্ষেত্রে আমাদের সমস্ত ব্যবসায়িক সহযোগীদের পদক্ষেপ নেওয়া উচিত।

পরিবেশ সংরক্ষণ এবং পরিবেশের সাথে উপযুক্ত প্রযুক্তি প্রচার করার ফলে ব্যবসায়িক সহযোগীদের পরিবেশকে রক্ষা করে এবং সংরক্ষণ করে, উদাহরণস্বরূপ, জলের ব্যবহার ও বর্জ্য জল পরিচালনার দিকে মনোযোগ দিয়ে অবশ্যই তাদের ব্যবসাকে সেইভাবে পরিচালনা করতে হবে। পণ্য ও পরিষেবাদি ডেভেলপ করার সময়, ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই পণ্য ও পরিষেবাদি উৎপাদন, বিতরণ ও ব্যবহার করার সময় এবং সেইসাথে তাদের নিষ্পত্তির সময় যে নেতিবাচক পরিবেশগত প্রভাবগুলি হতে পারে তা মোকাবিলা করতে হবে এবং হ্রাস করতে হবে। ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই পণ্য, প্রক্রিয়া এবং ডিজাইনে পরিবেশের সাথে সুসঙ্গত প্রযুক্তির বিকাশ এবং প্রচারের প্রতি তাদের প্রতিশ্রুতির বিষয় নিশ্চিত করতে হবে।

## 9. Atlas Copco-এর নিষিদ্ধ এবং ঘোষণা করা হয়েছে এমন জিনিসের [3]তালিকা মেনে চলা

Atlas Copco-এ সরবরাহ করা অংশ, পণ্য বা কাঁচামাল বা উৎপাদন প্রক্রিয়ায় ব্যবহার করা যাবে না এমন পদার্থগুলি Atlas Copco-এর নিষিদ্ধ তালিকায় রয়েছে। ঘোষণা করা তালিকায় এমন পদার্থ রয়েছে যার ব্যবহার সীমিত হবে এবং Atlas Copcoতে সরবরাহ করা আইটেমগুলিতে তালিকাভুক্ত যে কোনও পদার্থের বিষয়বস্তু অবশ্যই ঘোষণা করতে হবে। সমস্যা রয়েছে এমন খনিজ পদার্থগুলিও ঘোষণা করা হয়েছে এমন তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে, ব্যাখ্যার জন্য নির্ণায়ক বৈশিষ্ট্য 4 দেখুন। ব্যবসায়িক সহযোগীদের অবশ্যই এই তালিকার সাথে তাদের সম্মতি নিশ্চিত করতে হবে, তালিকাগুলির আপডেট ফলো করতে হবে এবং কোনও অন্তর্ভুক্ত পদার্থে সমস্যা হয়ে থাকলে তা Atlas Copcoকে সতর্ক করে দিতে হবে।

Atlas Copco দ্বারা অনুরোধ করা হলে, ব্যবসায়িক সহযোগী যারা যন্ত্রাংশ, পণ্য বা কাঁচামাল যেগুলিতে এক বা একাধিক 'সমস্যা রয়েছে এমন খনিজ পদার্থ' সরবরাহ করে [2] এবং সমস্যাযুক্ত ও উচ্চ-ঝুঁকিপূর্ণ দেশগুলির অবশ্যই OECD-এর যথাযথ পরিশ্রম করার নির্দেশিকা মেনে সহযোগিতা করতে ইচ্ছুক হতে হবে।

[2]সমস্যা রয়েছে এমন খনিজ পদার্থগুলি হল কলম্বাইট-ট্যান্টালাইট *(কোল্টান)*, ক্যাসাইটরাইট, সোনা, উলফ্রামাইট বা সেগুলি থেকে উদ্ভূত পদার্থ *(US সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সংজ্ঞা অনুসারে টিন, টাংস্টেন এবং ট্যান্টালাম)*

[3]*Atlas Copco গ্রুপের ওয়েবসাইটে নিষিদ্ধ এবং ঘোষণা করা হয়েছে এমন তালিকা রয়েছে:*
*http://www.atlascopcogroup.com/en/sustainability/living-by-the-highest-ethical-standards/ethical-supply-chain*

## সম্মতি এবং ফলো-আপ করা

আমাদের ব্যবসায়িক সহযোগীরা আমাদের সামাজিক, ব্যবসায়িক নৈতিকতা এবং পরিবেশগত মান এবং প্রতিশ্রুতি শেয়ার করবে বলে Atlas Copco আশা করে থাকে। এই প্রতিশ্রুতি ব্যবসায়িক সহযোগীর একটি তুলনামূলক আচরণবিধি থাকা বা এই ডকুমেন্টে স্বাক্ষর করার মাধ্যমে প্রদর্শিত হতে পারে।

ব্যবসায়িক সহযোগী যারা বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করছে বা এই নির্ণায়ক বৈশিষ্ট্য পূরণ করেছে তাদের পছন্দসই অংশীদারিত্বের জন্য বিবেচনা করা হয়। আমরা আমাদের ব্যবসায়িক সম্পর্ক পর্যালোচনা করি এবং আমাদের মান ও নির্ণায়ক বৈশিষ্ট্যের সাথে সুসঙ্গতিতে পরিবর্তন করতে ইচ্ছুক নয় এমন ব্যবসায়িক সহযোগীদের সাথে সম্পর্ক বন্ধ করে দিতে পারি।

আমাদের ব্যবসায়িক সহযোগীরা একটি অ্যাকশন প্ল্যান তৈরি করে উপরে উল্লিখিত নির্ণায়ক বৈশিষ্ট্যের সাথে তাদের সম্মতি প্রদর্শনের জন্য বা নির্ণায়ক বৈশিষ্ট্য মেনে চলতে ইচ্ছুক এবং ইচ্ছা প্রদর্শন করার ক্ষেত্রে পর্যাপ্ত ডকুমেন্টেশন বজায় রাখবে তা Atlas Copco Group কোম্পানিগুলি আশা করে। ব্যবসায়িক সহযোগীরা এই প্রয়োজন পূরণ করার প্রক্রিয়ার মধ্যে থেকে থাকলে এবং Atlas Copco-এর সাথে কার্যকলাপ পরিকল্পনা সেট আপ করতে ইচ্ছুক হয়ে থাকলে, লঙ্ঘন করা হচ্ছে তা শনাক্ত করা হলে এই ডকুমেন্টে তারা তাদের প্রতিশ্রুতিতে স্বাক্ষর করতে পারে।

Atlas Copco গ্রুপের সাথে ব্যবসা করার শর্ত হিসাবে, ব্যবসায়িক সহযোগী এবং তাদের সাব-কন্ট্রাক্টরদের অবশ্যই Atlas Copco এবং এর মনোনীত এজেন্টদের (তৃতীয় পক্ষ সহ) অডিট করার অনুমোদন দিতে হবে। ব্যবসায়িক সহযোগীর সহযোগিতায় অনসাইটে অডিট সর্বদা অগ্রীম ব্যবস্থা করা হবে।

(ব্যবসায়িক সহযোগীর নাম)

Atlas Copco-এর আচরণবিধির ভিত্তিতে এই ডকুমেন্টটি পড়েছে ও বুঝেছে এবং এই ডকুমেন্টে থাকা সমস্ত নির্ণায়ক বৈশিষ্ট্য এবং প্রয়োজন সম্পূর্ণরূপে মেনে চলতে প্রতিশ্রুতিবদ্ধ।

নাম.................................................... পদ/চাকরির পদ....................................................

তারিখ ও স্থান.................................................... স্বাক্ষর....................................................

## অতিরিক্ত রেফারেন্সসমূহ

Atlas Copco এই প্রধান আন্তর্জাতিক নীতিগত নির্দেশিকার প্রতি অঙ্গীকারবদ্ধ:
রাষ্ট্রসংঘের মানবাধিকারের আন্তর্জাতিক বিল *www.un.org*

আন্তর্জাতিক লেবার অর্গানাইজেশন দ্বারা কর্মস্থলে মৌলিক নীতি এবং অধিকারের ওপর ঘোষণা *www.ilo.org*

রাষ্ট্রসংঘের গ্লোবাল কম্প্যাক্ট *www.unglobalcompact.org*

ওইসিডির দ্বারা আন্তর্জাতিক উদ্যোগের জন্য নির্দেশাবলী *www.oecd.org*

ব্যবসায়িক ও মানবাধিকারের জন্য জাতি সঙ্ঘের নির্দেশক নীতিসমূহ *www.ohchr.org*

Atlas Copco 2008 সাল থেকে জাতি সঙ্ঘের বিশ্বব্যাপী প্রভাবের একজন সদস্য।

Atlas Copco-এর স্থায়িত্বের রিপোর্টিং গ্লোবাল রিপোর্টিং ইনিশিয়েটিভ (GRI)—নির্দেশিকা *www.globalreporting.org*, সুইডিশ বার্ষিক অ্যাকাউন্টের রিপোর্টের আইন এবং ইউরোপীয় ইউনিয়নের প্রযোজ্য স্থায়িত্বের প্রয়োজন মেনে চলে।




**Atlas Copco AB**

(publ) SE-105 23 স্টকহোম, সুইডেন
ফোন: +46 8 743 80 00
রেজি. নং: 556014-2720

atlascopco.com